

কর্মসংস্থান ব্যাংক



(রাষ্ট্রমালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

শাখা নিয়ন্ত্রণ বিভাগ।

www.kb.gov.bd
Email: hcd@kb.gov.bd

বিষয়: 'সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২৩-২৪' বাস্তবায়নের লক্ষ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সংশ্লিষ্ট বিভাগসমূহের সাথে ২য় অবহিতকরণ সভার কার্যবিবরণী।

সভাপতি: জনাব মনোজ রায়, উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা।

স্থান: শাখা নিয়ন্ত্রণ বিভাগ এর উপমহাব্যবস্থাপকের অফিস কক্ষ।

তারিখ ও সময়: ২১ ডিসেম্বর ২০২৩, বিকাল- ২.৩০ ঘটিকা।

উপস্থিতি: পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

সভার শুরুতে তিনি এ ব্যাংকের সিটিজেন চার্টার হালনাগাদকরণ এবং তা নিয়মিত মনিটরিং ও পরিবীক্ষণের প্রয়োজনীয়তা তুলে ধরেন।

সভাপতির অনুমতিক্রমে সহকারী মহাব্যবস্থাপক ও সদস্য সচিব জনাব মোঃ এনায়েতুর রহমান শেখ এ ব্যাংকের বর্তমান সিটিজেন চার্টারটি পর্যালোচনার জন্য সভায় উপস্থাপন করেন। সভায় উপস্থিত নির্বাহীগণ এ ব্যাংকের সিটিজেন চার্টার এর উপর আলোচনা এবং প্রয়োজনীয় সংশোধনের জন্য মতামত ব্যক্ত করেন।

আলোচনা:

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সংশ্লিষ্ট বিভাগসমূহের সাথে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্তে অবহিতকরণ সভা আয়োজনের বাধ্যবাধকতার প্রেক্ষিতে ক) সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন, খ) সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ, গ) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন এবং ঘ) সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন নিয়ে সভায় নির্বাহীগণ বিস্তারিত আলোচনা করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:


ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ
০১.	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত করে তা আপলোড এর জন্য আইটি বিভাগে প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়।	এ সভার সিদ্ধান্ত ও সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত করে ০৩ কর্মদিবসের মধ্যে ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে।	শাখা নিয়ন্ত্রণ বিভাগ
০২.	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা - ২০২৩-২০২৪ বাস্তবায়নের লক্ষ্যে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ওয়েবসাইটে হালনাগাদ (সভার তারিখ, সেবা প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, যোগাযোগের ঠিকানা, সেবার মূল্য তালিকা ইত্যাদি) করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এছাড়া, চলতি অর্থবছরে বিভাগীয়/জেলা/ উপজেলা পর্যায়ে প্রতি ত্রৈমাসিকে হালনাগাদকৃত সিটিজেন চার্টার ব্যাংকের ওয়েবসাইটে লিংক আকারে সংযুক্তির নির্দেশনার পরিপ্রেক্ষিতে এ সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়।	ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটে আপলোড করতে হবে। চলতি অর্থবছরে বিভাগীয়/জেলা/ উপজেলা কার্যালয়ের সিটিজেন চার্টার পৃথকভাবে ওয়েবসাইটে প্রদর্শনের নির্দেশনার পরিপ্রেক্ষিতে তা বাস্তবায়নের জন্য ২০.১২.২০২৩ তারিখে সিটিজেন চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ তদারকি কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিস্তারিত আলোচনাক্রমে বিভাগীয় কার্যালয়/ আঞ্চলিক কার্যালয় এবং শাখার জন্য সিটিজেন চার্টারের নমুনা প্রস্তুত করা হয় যা প্রধান কার্যালয়ের ওয়েবসাইটে লিংক আকারে সন্নিবেশ করা হবে।	শাখা নিয়ন্ত্রণ বিভাগ ও আইটি বিভাগ

চলমান পাতা-০২



০৩	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা- ২০২৩-২০২৪ সংক্রান্ত কার্যক্রমের লক্ষ্যমাত্রার এতদসংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়।	প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে অধ্যক্ষ, কর্মসংস্থান ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট কর্তৃক চলতি ত্রৈমাসিকে আয়োজিত প্রশিক্ষণের তারিখসমূহ(২৩.১০.২০২৩, ২৭.১১.২০২৩, ১০.১২.২০২৩ ও ১৭.১২.২০২৩)অবহিত করেন।	অধ্যক্ষ, কর্মসংস্থান ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট
০৪.	সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ০২টি অবহিতকরণ সভা আয়োজনের জন্য সেবা প্রদান প্রতিশ্রুতিতে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।	অংশীজনদের অংশগ্রহণে সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য, অংশীজনদের অংশগ্রহণে চলতি ত্রৈমাসিকে ০১টি সভা আয়োজন করা হয়েছে। আয়োজনের তারিখ: ২১.১০.২০২৩ ও স্থান: ক্রাউন কনভেনশন হল, বরিশাল।	শাখা নিয়ন্ত্রণ বিভাগ

পরিশেষে উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



উপমহাব্যবস্থাপক
শাখা নিয়ন্ত্রণ বিভাগ

ও

সভাপতি


সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা
বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত তদারকি কমিটি

সূত্র নম্বর: ৫৩.১৭.০০০০.১৬০.৩২.০০১.২৩-

তারিখ: ২১ ডিসেম্বর ২০২৩

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্বে) মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ২। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ৩। সকল উপমহাব্যবস্থাপক/ সহকারী মহাব্যবস্থাপক (বিঃ দাঃ), কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
- ৪। বোর্ড সচিব, পর্ষদ সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ৫। অফিস নথি।



(মোঃ লুৎফর রহমান)

সিনিয়র প্রিন্সিপাল অফিসার

ও

সদস্য সচিব

সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা
বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত তদারকি কমিটি

